যুগান্তর

তারিখ 29 APR 2017
পৃষ্ঠা 2 2

# ঢাবি ছাত্রলীগের ১৯ কর্মী বহিষ্কার

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

আধিপত্য বিস্তার নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই হলে ছাত্রলীগের অভ্যন্তরীণ সংঘর্ষের ঘটনায় ১৮ কর্মীকে সাময়িক এবং একজনকে স্থায়ী বহিষ্কার করা হয়েছে। বৃহস্পতিবার রাতে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ছাত্রলীগের সভাপতি সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইন স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়। এতে বহিষ্কারের কারণ হিসেবে 'সংগঠনবিরোধী অনাকাঙ্ক্ষিত ঘটনায় জড়ানোর' কথা উল্লেখ করা হয়েছে।

বহিষ্কৃতরা হল— ৬ এপ্রিল স্যার এএফ রহমান হলে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষের ঘটনায় রাজু আহমেদ (বাংলা বিভাগ, ৪র্থ বর্ষ), রাশেদ রাজন (আন্তর্জাতিক সম্পর্ক, ৪র্থ বর্ষ), মনজুর আহমেদ রানা (রাষ্ট্রবিজ্ঞান, ৩য় বর্ষ), সালাউদ্দিন আহমেদ সাজু (ইসলামের ইতিহাস, ৩য় বর্ষ), সাদ্দাম হোসেন (ইতিহাস, ৩য় বর্ষ) এবং আপেল মাহমুদ (সমাজকল্যাণ, ৪র্থ বর্ষ)।

২৩ এপ্রিল হল ক্যান্টিনে ভাংচুরের ঘটনায় একই হলের আরও পাঁচজনকে বহিষ্কার করা হয়েছে। তারা হল— ইংরেজি বিভাগের রাসেল, রাষ্ট্রবিজ্ঞানের নাহিদ, ইসলামের ইতিহাসের রাশেদ, রাষ্ট্রবিজ্ঞানের ফারুক এবং ইতিহাস বিভাগের জামিল। এরা প্রথম বর্ষের শিক্ষার্থী।

এছাড়া ২০ এপ্রিল সলিমুল্লাহ মুসলিম (এসএম) হলে সংঘর্ষের ঘটনায় মাসুদ, প্রান্ত, সজীব, শুভ, রিয়াদ, রফিকুল এবং সবুজকে বহিষ্কার করা হয়। এদের পূর্ণ নাম ও বিভাগ সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি। একই ঘটনায় বিজয় একাত্তর হলের সালমান নামের দ্বিতীয় বর্ষের এক ছাত্রলীগ কর্মীকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি আবিদ আল হাসান যুগান্তরকে বলেন, বিশ্ববিদালয় কমিটির সুপারিশে এসব কর্মীকে বহিষ্কার করে কেন্দ্রীয় ছাত্রলীগ।

**নিরক্ষরমুক্ত দেশ গড়তে মতবিনিময় :** নিরক্ষরমুক্ত দেশ গড়ার লক্ষ্যে শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করে ছাত্রলীগ। এতে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান ফিজার। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

ছাত্রলীগ সভাপতি মো. সাইফুর রহমান সোহাগের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইনের পরিচালনায় সভায় সংগঠনটির বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন।